

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১.২২০

তারিখ: ২১ জুন ২০২৩

বিষয় : পুনঃব্যাখ্যা তলব।

সূত্রঃ আংগেলঝাড়া, বরিশাল এর স্মারক নং- ৪৭.৬২.০৬৩২.০০০.০২.০০১.২৩.৫২ তারিখঃ ১২/০৩/২৩


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো) ও ২য় পর্যায় প্রকল্পভুক্ত আংগেলঝাড়া উপজেলা, বরিশাল এ প্রকল্পের মেয়াদোত্তীর্ণ ঋণ বৃদ্ধি পাওয়ায় স্মারক নং ০৭৩ তারিখঃ ২৮ ফেব্রুয়ারি ২০২৩ মূলে ব্যাখ্যা তলব করা হয়। ব্যাখ্যা তলবের জবাবে আপনি যৌথ অভিযান পরিচালনা করে এপ্রিল ২০২৩ মাসের মধ্যে খেলাপী ঋণ কমিয়ে সহনীয় মাত্রায় নিয়ে আসার অঙ্গীকার করেন। কিন্তু ১৫ জুন ২৩ পর্যন্ত ঋণ কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় যে, উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ বৃদ্ধি পেয়ে ২৮.৮৩ লক্ষ টাকা, আদায়যোগ্য ঋণের ৩১%; যা অত্যন্ত হতাশাজনক। এতে প্রতীয়মান হয়, কিস্তি ও মেয়াদোত্তীর্ণ ঋণ আদায়ের জন্য আপনি কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক তদারকি কার্যক্রম জোরদার করেননি। সে প্রেক্ষিতে আপনার জবাব সন্তোষজনক মর্মে বিবেচিত হয়নি।

২। এছাড়া সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায় উপজেলায় বিভিন্ন সময়ে বিতরণকৃত ঋণের ৪৯৬ জন ঋণী সদস্যের মধ্যে ৪৯ জন (২০১৫ সালের ১ জন, ২০১৭ সালের ২ জন, ২০১৮ সালের ৩ জন, ২০১৯ সালের ৮ জন, ২০২১ সালের ৩ জন, ২০২২ সালের ১০ জন এবং ২০২৩ সালের ২২ জন) সদস্য ১৫ জুন, ২৩ তারিখ পর্যন্ত কোনরূপ কিস্তি পরিশোধ করেননি এবং ২০ জন সদস্য ১০০০.০০ টাকার নিচে পরিশোধ করেছে। সদস্যগণের লোন হিস্ট্রি পর্যালোচনায় দেখা যায় এককালীন/অল্প কিছু সংখ্যক কিস্তির মাধ্যমে বর্ণিত সদস্যগণ সমুদয় ঋণ পরিশোধ করেন। এতদ সত্ত্বেও ঋণ নীতিমালা ও এ সংক্রান্ত নির্দেশনা অমান্য করে অনিয়মতান্ত্রিকভাবে ঋণের সিলিং বৃদ্ধি করে পুনঃ পুনঃ ঋণ বিতরণ করেন (যেমন: সিরাল পশ্চিম পাড়া মহিলা সমিতির সদস্য খাদিজা বেগম (১০০৬০২-৩০-০৯), জেসমিন বেগম (১০০৬০২-৩০-০৭), দশপতি মহিলা সমিতির সদস্য আইরীন বেগম (১০০৬০২-০১-১১), উত্তর চাঁদতিশিরা মহিলা সমিতির সদস্য মোসা. ফাতেমা (১০০৬০২-১৯-৪২) এবং মাথায় আমবাওলা মহিলা সমিতির সদস্য শাহিনুর বেগম (১০০৬০২-০৬-০৫) ইত্যাদি (প্রমানক-সংযুক্ত)। এতে প্রতীয়মান হয় সিডিউল অনুযায়ী ঋণের টাকা আদায়ের বিষয়ে গুরুত্ব আরোপ না করে এককালীন ঋণ পরিশোধকারী সদস্যদের মধ্যে অনিয়মতান্ত্রিকভাবে পুনঃ পুনঃ ঋণ বিতরণ করে থাকেন। ফলশ্রুতিতে উক্ত উপজেলায় কিস্তি খেলাপী বৃদ্ধি পেয়ে তা দ্রুত গতিতে মেয়াদোত্তীর্ণ খেলাপীতে পরিণত হচ্ছে এবং উপজেলায় মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। আরো উল্লেখ্য, সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায় অনেক সদস্যের ব্যক্তিগত তথ্যাদি ছবিসহ যথাযথভাবে আপলোড করা হয়নি (বাহাদুরপুর বজনা মহিলা সমিতির সদস্য শেফালী হালদার, আইডি- ১০০৬০২-০৮-৩৩, এর ব্যক্তিগত তথ্যাদিতে ছবি আপলোড করা হয়নি)

৩। উল্লেখ্য, স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩.২০২, তারিখ: ০৪ জানুয়ারি ২০২৩ মূলে ঋণ বিতরণের ক্ষেত্রে ওটিআর কে বিবেচনায় রেখে ঋণ বিতরণ করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে। তদুপরি ও আপনি উল্লিখিত নির্দেশনা অমান্য করে পুনঃ পুনঃ ঋণ বিতরণ করেছেন। প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি ব্যাহত হওয়াসহ নীতিমালা বহির্ভূত কার্যকলাপের বিষয়টি আপনার দায়িত্ব পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্যসহ সরকারি দায়িত্ব পালনে অনীহার শামিল হিসেবে বিবেচিত হয়েছে।

৪। উপজেলার প্রকল্পের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপী আদায়সহ এককালীন পরিশোধকারী সদস্যদের বাদ দিয়ে কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক তদারকি কার্যক্রম জোরদার করে ঋণ বিতরণ কার্যক্রম গতিশীল করণ এবং ঋণ তহবিল অলস অবস্থায় ব্যাংকে যাতে গচ্ছিত না থাকে সে বিষয়টি ও বিবেচনায় রাখতে হবে।

এমতাবস্থায়, প্রকল্পের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা, গাফেলতি, অযোগ্যতা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে কেন আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

জনাব সুখেন্দ এদবর
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা,
বিআরডিবি, আগৈলঝাড়া, বরিশাল।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপ্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলা: বরিশাল।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: আগৈলঝাড়া, জেলা: বরিশাল।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. অফিস নথি।